তারিখ 18 SEP 2017
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
জনকণ্ঠ

# স্কুল কমিটি নির্বাচন স্থগিত ॥ প্রধান শিক্ষক অবরুদ্ধ

**নিজস্ব সংবাদদাতা, রংপুর, ১৭ সেপ্টেম্বর ॥** মিঠাপুকুরের ঐতিহ্যবাহী শঠিবাড়ী বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি নির্বাচন স্থগিত করা হয়েছে। ভোট শুরুর আধা ঘণ্টা পর স্থগিত হওয়ায় ভোটার, অভিভাবক ও প্রার্থীদের লোকজনেরা প্রধান শিক্ষককে তার কক্ষে অবরুদ্ধ করে রাখেন। বেলা ১১টার দিকে ঢাকা-রংপুর মহাসড়কে বিক্ষোভ মিছিল করেন তারা। বিক্ষোভকারীরা উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও প্রিসাইডিং অফিসার মুহাম্মদ কায়সার আলীকে অপসারণের দাবি জানান। জানা গেছে, শঠিবাড়ী বহুমুখী উচ্চ বিদ্যালয়ে ম্যানেজিং কমিটির নির্বাচন অনুষ্ঠিত হওয়ার কথা ছিল রবিবার। সবকিছু ঠিকঠাক চলছিল। সকাল সাড়ে ১০টার দিকে প্রধান শিক্ষক ভোটগ্রহণ স্থগিত করেন। এ সময় ক্ষোভে ফেটে পগেন এলাকাবাসী, অভিভাবক ও প্রার্থীরা।

অভিভাবক প্রার্থী রাসেল মিয়া, জোনাব আলী সর্দার, আব্দুর রাজ্জাক ও শামিম রহমান অভিযোগ করে বলেন, রাজনৈতিক প্রতিহিংসার কারণে অনিয়মতান্ত্রিকভাবে নির্বাচন স্থগিত করা হয়েছে। ভোট শুরুর প্রায় অধা ঘণ্টা পর আমরা স্থগিতের চিঠি হাতে পাই। এর ফলে ক্ষোভে অভিভাবকরা প্রধান শিক্ষককে অবরুদ্ধ করে রাখেন।

প্রধান শিক্ষক হরেন্দ্রনাথ সাহা বলেন, সকাল সাড়ে ৯টার দিকে যুব উন্নয়ন কর্মকর্তা ও প্রিসাইডিং অফিসার মুহাম্মদ কায়সার আলী আমাকে ডেকে পাঠান। পরে সাড়ে ১০টার দিকে আমাকে ভোট স্থগিতের চিঠি দেন। আমি প্রার্থীদের হাতে দেয়ামাত্রই তারা ক্ষোভে ফেটে পড়েন। আমাকে অবরুদ্ধ করে রাখেন তারা।

যুব উন্নয়ন কর্মকর্তা ও প্রিসাইডিং অফিসার মুহাম্মদ কায়সার আলীর সঙ্গে যোগাযোগের জন্য মোবাইল ফোনে একাধিকবার কল করলেও তিনি রিসিভ করেননি।

উপজেলা নির্বাহী অফিসার মামুন-অর-রশীদ বলেন, ভোটার তালিকায় ত্রুটি থাকায় আদালত আমাকে, প্রিসাইডিং অফিসার ও প্রধান শিক্ষককে শোকজ করেছে। এ কারণে আদালতের নির্দেশনা অনুয়ায়ী প্রিসাইডিং অফিসার নির্বাচন স্থগিত করেছেন।

পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর